

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়
মুকসুদপুর, গোপালগঞ্জ।
fisheries.muksudpur.gopalganj.gov.bd

পত্র নং- ৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২২-১৪১

তারিখঃ ২৮ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর ২০২৩ খ্রি.

জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ছাগল, খোয়ার, খাদ্য ও ভ্যাক্সিন ক্রয়ের নিমিত্ত কোটেশন আহবানের অনুরোধ জ্ঞাপন পত্র

প্রতি,

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তার কার্যালয়, মুকসুদপুর, গোপালগঞ্জ এর কার্যালয়ে দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ এর আওতায় জেলেদের বিকল্প কর্মসংস্থান সৃষ্টির লক্ষ্যে ছাগল, খোয়ার, খাদ্য ও ভ্যাক্সিন ক্রয়ের নিমিত্ত এতদসঙ্গে সংযুক্ত স্পেসিফিকেশন অনুযায়ী প্রকৃত ব্যবসায়ী/খামারী/সরবরাহকারীর নিকট হতে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে সিলমোহরকৃত খামে কোটেশন আহ্বান করা যাচ্ছে।

শর্তাবলী

১. উল্লিখিত কোটেশন ডকুমেন্ট নিম্নস্বাক্ষরকারীর দপ্তরে আগামী ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখ ১৪.৩০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে দেখা ও সংগ্রহ করা যাবে।
২. সরবরাহকারী ব্যক্তি বা প্রতিষ্ঠান নিজে বা তার অনুমোদিত প্রতিনিধি কর্তৃক প্রস্তুতকৃত কোটেশন খামের মধ্যে সিলগালা করা অবস্থায় আগামী ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখ বেলা ১৪.৩০ ঘটিকা পর্যন্ত বা তার পূর্বে অফিস চলাকালীন সময়ে 'সিনিয়র উপজেলা মৎস্য অফিসারের কার্যালয়, মুকসুদপুর গোপালগঞ্জ-এ জমা দিতে হবে। উল্লিখিত তারিখ ও সময়ের পরে প্রাপ্ত কোন কোটেশন গ্রহণ করা হবে না।
৩. প্রাপ্ত কোটেশনসমূহ ১৯/০৯/২০২৩ খ্রি. তারিখ বেলা ১৫.০০ ঘটিকার সময় খোলা হবে।
৪. কোটেশন উদ্ধৃত দরহারে পণ্যের মূল্য, সকল প্রকার ট্যাক্স, ভ্যাট, পরিবহণ ব্যয়, মুনাফা, ইত্যাদি অন্তর্ভুক্ত থাকবে।
৫. কোটেশন দাতাকে চুক্তিসম্পাদনের যোগ্যতা অর্জনের জন্য হালনাগাদ ট্রেড লাইসেন্স, টিন নম্বর, ব্যাংক সলভেন্সি/ব্যাংক স্টেটমেন্ট ও জাতীয় পরিচয়পত্রের কপি কোটেশনের সাথে সংযুক্ত করতে হবে।
৬. র্নাক বেঞ্জাল জাত বা স্থানীয় চাহিদা/ প্রাপ্যতা মোতাবেক স্ত্রী ছাগল সরবরাহ করতে হবে। ছাগলের গায়ের রং সম্পূর্ণরূপে কালো হতে হবে। তবে সম্পূর্ণ কালো না পাওয়া গেলে স্থানীয় সহজ প্রাপ্যতা এবং চাহিদার ভিত্তিতে সরবরাহ করতে হবে।
৭. ছাগল অবশ্যই স্বাস্থ্যবান ও নিরোগ হতে হবে। বেশি বয়স্ক ও রোগা ছাগল গ্রহণযোগ্য হবে না।
৮. প্রত্যেক সফলভোগীকে ০২ (দুই) টি করে ছাগল সরবরাহ করতে হবে। সরবরাহকৃত ০২ (দুই) টি ছাগলের মোট ওজন কমপক্ষে ১৪(চৌদ্দ) কেজি হতে হবে। তবে প্রতিটি ছাগলের ওজন ০৭ (সাত) কেজির কম গ্রহণযোগ্য হবে না। অবশ্যই ওজন পরিমাপক দিয়ে নির্ধারিত ওজন নিশ্চিত করতে হবে। প্রতিটি ছাগলের বয়স কমপক্ষে ০৪ মাস হতে হবে।
৯. সফলভোগীদের মাঝে বিতরণের পূর্বে অবশ্যই ছাগলকে পিপিআর ও বসন্ত টিকা এবং কুমিনাশক ঔষধ প্রদান করতে হবে।
১০. বিতরণের পূর্বে অবশ্যই প্রতিটি ছাগলকে অমোচনীয় কালি দিয়ে মার্কিং (Marking) করতে হবে।
১১. সফলভোগীদের মাঝে বিতরণের ২৮ দিনের মধ্যে যদি কোন ছাগল মৃত্যুবরণ করে তাহলে উপযুক্ত প্রমাণ সাপেক্ষে ঐ ক্ষতিগ্রস্ত সফলভোগীকে ঠিকাদার কর্তৃক অবশ্যই সমসংখ্যক সুস্থ ছাগল পরবর্তী ০৭ দিনের মধ্যে বিতরণ করতে হবে।
১২. কোটেশন দাতাকে কার্যাদেশ প্রাপ্তির পর নির্দিষ্ট সময়ের মধ্যে সম্পূর্ণ নিজ খরচে ও নিজ দায়িত্বে ছাগল, খোয়ার, খাদ্য ও ভ্যাক্সিন সরবরাহ করতে হবে। নির্ধারিত সময়ের পর কোন মালামাল গ্রহণ করা হবে না।
১৩. মূল্য তফসিল/সিডিউলে উল্লিখিত সকল আইটেম/মালামালের সর্বমোট মূল্য যার কম হবে তিনি সর্বনিম্ন দরদাতা হিসেবে বিবেচিত হবেন।
১৪. কর্তৃপক্ষ বাজার দরের সাথে অসংগতিপূর্ণ কোটেশন গ্রহণ করতে বাধ্য থাকবেন না এবং কোনরূপ কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন কোটেশন গ্রহণ বা বাতিল অথবা সকল আইটেমের কোটেশন বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।

২২/০৯/২০২৩

(মোঃ খায়রুল ইসলাম)

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মুকসুদপুর, গোপালগঞ্জ।

তারিখঃ ১২/০৯/২০২৩ খ্রি.

পত্র নং-৩৩.০২.৩৫৫৮.৫০১.৫৪.০০১.২২-১৪১/১(১০)

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো

১। প্রকল্প পরিচালক, দেশীয় প্রজাতির মাছ এবং শামুক সংরক্ষণ ও উন্নয়ন প্রকল্প, মৎস্য অধিদপ্তর, গোপালগঞ্জ।

২। জেলা মৎস্য কর্মকর্তা, গোপালগঞ্জ।

৩। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৪। উপজেলা নির্বাহী অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৫। উপজেলা অফিসার, মুকসুদপুর, গোপালগঞ্জ।

৬। সংশ্লিষ্ট নথি।

২২/০৯/২০২৩

সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা
মুকসুদপুর, গোপালগঞ্জ।